

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী দারিদ্র্য বিমোচন কর্মসূচি(পদাবিক)  
৫, কাওরান বাজার, ঢাকা।

Ph.02-8180035  
website:www.rpap.brdb@gov.bd  
E-mail:padabik@gmail.com

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০১.১৬.৬৮৮.১৯.৬৯৩

১৮ কার্তিক, ১৪২৬  
তারিখঃ-----  
০৩ নভেম্বর, ২০১৯

বিষয়ঃ বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ, কর্মস্থলে অনুপস্থিত এবং দায়িত্ব পালনে অবহেলার জন্য স্থানীয়ভাবে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্রঃ ১। ইউ. ও নোট নং-৪৭.৬২.০০০০.২০৬.০০.০০২.১৮.৯১৩৯ তারিখঃ ৩০ অক্টোবর, ২০১৯ খ্রি।  
২। ৪৭.৬২.৭৮০০.৩০০.০০.০৩৯.০১.২৫৭ তারিখঃ ০৯/১০/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদাবিকের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের সার্বিক কার্যক্রম তদারকি, প্রশাসনিক ও শৃঙ্খলাজনিত কার্যক্রমের বিষয়ে প্রাথমিক ব্যবস্থা গ্রহণের দায়িত্ব স্থানীয় কর্তৃপক্ষের (ইউআরডিও ও উপপরিচালকের)। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে পদাবিকের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ, কর্মস্থলে অনুপস্থিত এবং নিয়মিত দায়িত্ব পালনে অবহেলা করা সত্ত্বেও স্থানীয় কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে কোনরূপ প্রশাসনিক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করছেন না। ফলে পদাবিকের মাঠ পর্যায়ের সার্বিক কার্যক্রম (বিশেষ করে ঋণ বিতরণ ও আদায়) এবং প্রশাসনিক শৃঙ্খলা মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। বর্ণিত বিষয়টি বিআরডিবি'র প্রশাসন বিভাগের দৃষ্টিগোচর হওয়ায় কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেছেন।

এমতাবস্থায়, ২নং সূত্র স্মারক মোতাবেক প্রেরিত তালিকা অনুযায়ী পদাবিকের কর্মকর্তা-কর্মচারী বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ, কর্মস্থলে অনুপস্থিত, ৬০ দিনের বেশী বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকলে এবং দায়িত্ব পালনে অবহেলা করলে বিধি মোতাবেক স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক তাদের বিরুদ্ধে প্রশাসনিক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে পদাবিক সদর দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।



এ.কে.এম.শফিকুল ইসলাম  
প্রকল্প পরিচালক(পদাবিক)

উপপরিচালক  
বিআরডিবি জেলা দপ্তর  
পটুয়াখালী।

বিতরণ কার্যার্থে/জ্ঞাতার্থে :-

- ১। যুগ্ম পরিচালক(প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
- ২। উপপরিচালক, বিআরডিবি জেলা দপ্তর, -----(পদাবিকভূক্ত জেলা)।
- ৩। উপপরিচালক(প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা-(মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, -----(পদাবিকভূক্ত উপজেলা)।
- ৬। পরিচালক(প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা/প্রশিক্ষণ), মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৭। সংশ্লিষ্ট নথি।